গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

## জেলা কার্যালয়, কুড়িগ্রাম

**তথ্য অধিকার বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫**

**এর**

**ত্রৈমাসিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক**

জুলাই ০১, ২০২৪ – সেপ্টেম্বর ৩০, ২০২৪

**(১ম ত্রৈমাসিক)**

**বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, কুড়িগ্রাম**

**তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ১ম ত্রৈমাসিক প্রতিবেদন**

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | অসাধারণ | অতি উত্তম | উত্তম | অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| প্রাতিষ্ঠানিক | ০১ | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | [১.১.১] নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | % | ০১ | ১০০% | ৯০% | ৮০% | ১০০% | প্রমানক প্রধান কার্যালয়ে প্রেরন করা হয়েছে |
| সক্ষমতা বৃদ্ধি | ০২ | [২.১] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | [২.১.১] নির্ধারিত সময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত | তারিখ | ০১ | ১৫-১০-২০২৪ | ৩১-১০-২০২৪ | ৩০-১১-২০২৪ | ০৮-০৭-২০২৪ | প্রমানক প্রধান কার্যালয়ে প্রেরন করা হয়েছে |
| | | [২.২] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ | [২.২.১] প্রচার কার্যক্রম সম্পন্ন | সংখ্যা | ০১ | ২ | - | - | | |

মোঃ মুসাফিকুর রহমান
নিরাপদ খাদ্য অফিসার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
জেলা কার্যালয়, কুড়িগ্রাম।

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**খাদ্য মন্ত্রণালয়**
**বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ**
জেলা কার্যালয়, কুড়িগ্রাম
আর. কে রোড, খলিলগঞ্জ বাজার
www.bfsa.kurigram.gov.bd

স্মারক নম্বর: ১৩.০২.৪৯০০.০০১.৫৪.০০৫.২৪.৫৭ তারিখ: ৩০ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: তথ্য অধিকার বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর ১.১ কার্যক্রম অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি সংক্রান্ত ১ম ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, কুড়িগ্রাম কর্তৃক তথ্য অধিকার বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৪/২৫ এর ১.১ কার্যক্রম অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি সংক্রান্ত ১ম ত্রৈমাসিক প্রতিবেদন (জুলাই-সেপ্টেম্বর/২০২৪) সংযুক্ত ছক মোতাবেক মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

| বিবেচ্য সময়ের মধ্যে প্রাপ্ত সর্বমোট আবেদন সংখ্যা | বিবেচ্য সময়ের মধ্যে নিষ্পত্তিযোগ্য আবেদন সংখ্যা | অনিষ্পত্তিযোগ্য আবেদন সংখ্যা এবং নিষ্পত্তি না করার কারণ | নিষ্পত্তিকৃত আবেদন সংখ্যা | দাবীকৃত নম্বর |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫)= $\frac{(৪)}{(২)}$ ×৬ |
| ০ | ০ | ০ | ০ | ০১ |

Musfia
৩০/০৯/২০২৪
(মোঃ মুসফিকুর রহমান)
নিরাপদ খাদ্য অফিসার, কুড়িগ্রাম
☎ +৮৮ ০১৭২৪ ০৩৪৮৯১
✉ fso.kurigram@bfsa.gov.bd

**সচিব**
**বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ**

স্মারক নম্বর: ১৩.০২.৪৯০০.০০১.৫৪.০০৫.২৪.৫৭/১(৩) তারিখ: ৩০ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে [জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়]:

১। পরিচালক, পরিসংখ্যান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
২। পিএস টু চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অফিস নথি।

Musfia
৩০/০৯/২০২৪
নিরাপদ খাদ্য অফিসার, কুড়িগ্রাম

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
জেলা কার্যালয়, কুড়িগ্রাম
আর.কে রোড, খলিলগঞ্জ বাজার
www.bfsa.kurigram.gov.bd

## বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, কুড়িগ্রাম এর ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন

### জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা আয়োজন:

কুড়িগ্রাম জেলার সুযোগ্য জেলা প্রশাসক জনাব মোহাম্মাদ সাইদুল আরীফ এর সভাপতিত্বে ১০ ডিসেম্বর, ২০২৩; ১৮ মার্চ, ২০২৪ এবং ২০ জুন, ২০২৪ তারিখে জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির মোট ০৩ টি সভা আয়োজিত হয়।

### উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা আয়োজন:

কুড়িগ্রাম জেলার সংশ্লিষ্ট উপজেলায় উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ০৩ টি সভা আয়োজিত হয়।

### সচেতনতামূলক কর্মসূচি/সেমিনার/দিবস উদযাপন:

২০২৩-২৪ অর্থবছরে জেলা পর্যায়ে নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতামূলক কর্মসূচি ০১ টি; জনপ্রতিনিধিদের অংশগ্রহণে নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতামূলক কর্মসূচি ০১ টি; প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের অংশগ্রহণে নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতামূলক কর্মসূচি ০৩ টি; স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মসূচি ০১ টি এবং বস্তি ও পিছিয়ে পড়া এলাকায় অভিভাবক ও শিক্ষার্থীদের সমন্বয়ে নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতামূলক কর্মসূচি আয়োজন করা হয়। এছাড়াও জাতীয় নিরাপদ খাদ্য দিবস- ২০২৪ উদযাপন উপলক্ষ্যে আলোচনা কর্মসূচি এবং কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয় এবং বিজয়ীদের মাঝে সম্মাননা পুরস্কার প্রদান করা হয়।

### দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শকদের সাথে সভা আয়োজন:

২০২৩-২৪ অর্থবছরে কুড়িগ্রাম জেলার দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শকদের সাথে বারো (০৫) টি সভা অনুষ্ঠিত হয়। সভায় সংশ্লিষ্ট উপজেলার দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শকগণ অংশগ্রহণ করে নিরাপদ খাদ্য আইন, ২০১৩ বাস্তবায়ন এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে বিভিন্ন বিষয় নিয়ে মত বিনিময় করেন।

### মনিটরিং:

২০২৩-২৪ অর্থবছরে কুড়িগ্রাম জেলায় মোট ৬০ টি হোটেল/রেস্তোঁরা, বেকারি/মিষ্টির কারখানা/অন্যান্য ছোট কারখানা; ০২ টি কোল্ড স্টোরেজ/খাদ্য সংরক্ষণাগার; ০২ টি খামার/হ্যাচারী; ক্ষীরমোহন/মিষ্টান্ন প্রস্তুতকারী খাদ্যস্থাপনায় মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হয়। উক্ত মনিটরিং কার্যক্রমে খাদ্য তৈরির সাথে সংশ্লিষ্ট ব্যক্তিদের নিরাপদ খাদ্য বিষয়ক প্রাথমিক ধারণা প্রদান করা হয়। তাদেরকে পরিষ্কার পরিচ্ছন্নতা, কিভাবে খাদ্য নিরাপদ উপায়ে তৈরি করা যায়, বাসি ও পঁচা খাবার নির্দিষ্ট স্থানে রাখা, রান্না ঘর নিয়মিত পরিচ্ছন্ন রাখা, খাবার পরিবেশনের সময় মাথায় টুপি, এপ্রোন পরিধান করা, রান্নাঘরে কফ, থুথু, ধুমপান করা থেকে বিরত থাকা এবং নিরাপদ খাদ্য আইন, ২০১৩ অবহিতকরণসহ বিভিন্ন প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়।

### প্রশিক্ষণ:

২০২৩-২৪ অর্থবছরে কুড়িগ্রাম জেলায় অবস্থিত বিভিন্ন হোটেল-রেস্তোরাঁ, বেকারি ও খাদ্য স্থাপনায় কর্মরত খাদ্যকর্মী, মালিক, ম্যানেজার সহ মোট ১০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষণার্থীদের প্রজেক্টরের মাধ্যমে বিভিন্ন তথ্য চিত্র উপস্থাপন, খাদ্য অনিরাপদ উপায়ে তৈরি করলে কি কি সমস্যা হবে, কেন এবং কিভাবে নিরাপদ খাদ্য সংরক্ষণ করতে হবে, খাদ্যকর্মীদের কেন স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে, নিরাপদ খাদ্য আইন মেনে চলতে হবে, নিরাপদ খাদ্য আইন, ২০১৩ না মানলে শাস্তির বিধানসহ বিভিন্ন বিষয়ে আলোকপাত করা হয়।

**নমুনা সংগ্রহ:**

২০২৩-২৪ অর্থবছরে কুড়িগ্রাম জেলা হতে মোট আট (০৮) টি নমুনা সংগ্রহ করে তা পরীক্ষাগারে প্রেরণ করা হয়।

**স্কুল সেমিনার:**

২০২৩-২৪ অর্থবছরে নারিকেল বাড়ি পন্ডিত মহিরউদ্দিন উচ্চ বিদ্যালয়, উলিপুর; ভুরুঙ্গামারী পাইলট সরকারি উচ্চ বিদ্যালয়, ভুরুঙ্গামারী; নাগেশ্বরী আইডিয়েল উচ্চ বিদ্যালয়, নাগেশ্বরী; রাবাইতারি উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ি; নগরাজপুর উচ্চ বিদ্যালয়, কুড়িগ্রাম সদর; থানাহাট এ.ইউ পাইলট উচ্চ বিদ্যালয়, চিলমারী; সি.জি. জামান উচ্চ বিদ্যালয়, রৌমারী এবং রাজিবপুর মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, চর রাজিবপুর এ নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতামূলক স্কুল সেমিনার আয়োজন করা হয়। উক্ত সেমিনারে শিক্ষার্থীদের বাইরের খোলা খাবার না খেতে, খাবার খাওয়ার সময় নিরাপদভাবে তৈরিকৃত খাবার গ্রহণ করা সহ নানাবিধ দিক তুলে ধরা হয় এবং নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

**সচেতনতামূলক মাইকিং কার্যক্রম:**

২০২৩-২৪ অর্থবছরে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে জনসাধারণের মধ্যে নিরাপদ ইফতার সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারণা কার্যক্রমের অংশ হিসেবে ০৩ দিন এবং পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে কোরবানির মাংসের নিরাপদতা রক্ষায় করণীয় শীর্ষক প্রচারণা কর্মসূচির অংশ হিসেবে ০৩ দিন মাইকিং কার্যক্রম পরিচালনা করা হয়। এছাড়াও কুড়িগ্রাম জেলার বিভিন্ন উপজেলায় জনসচেতনতামূলক প্রচারণা কর্মসূচির অংশ হিসেবে ২,৩০০ লিফলেট বিতরণ করা হয়।

**গ্রেডিং প্রদান কার্যক্রম:**

২০২৩-২৪ অর্থবছরে কুড়িগ্রাম জেলার ০৫ টি খাদ্যস্থাপনাকে গ্রেডিং প্রদান করা হয়।

এছাড়াও খাদ্যস্থাপনা ও খাদ্য কর্মীদের ডাটাবেজ তৈরি, খাদ্য কর্মীদের জন্য ট্রেনিং মডিউল প্রস্তুত এবং পোস্টার-লিফলেট বিতরণসহ নানাবিধ কার্যক্রম গৃহীত হয়েছে।

Musafi 07.08.2024

মোঃ মুসফিকুর রহমান
নিরাপদ খাদ্য অফিসার, কুড়িগ্রাম
☎ +৮৮ ০১৭২৪ ০৩৪৮৯১
✉ fso.kurigram@bfsa.gov.bd